দৈনিক ইনকিলাব

163

তারিখ ... AUG. 2 0 1999 ... ...
পৃষ্ঠা 2 ... কলাম 6 ......

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ঘটনা

# ছাত্র লীগের দুই ক্যাডারকে প্রতিপক্ষ গ্রুপ মারধর করে বের করে দিয়েছে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** মুজিববাদী ছাত্র লীগের আভ্যন্তরীণ কোন্দলের জের ধরে গতকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিয়া হল থেকে ছাত্র লীগের দুই ক্যাডারকে প্রতিপক্ষ গ্রুপ মারধর করে বের করে দিয়েছে। জিয়া হলের হাবিব এবং ইলিয়াস নামে একজন বহিরাগত ক্যাডারকে গতকাল

১১-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

**ছাত্র লীগ ক্যাডার** প্রথম পৃষ্ঠার পর

বিকেলে ছাত্র লীগের জিয়া হলের সভাপতি মনির হোসেনের নেতৃত্বে ৭/৮ জন ছাত্র লীগ কর্মী বেদম প্রহার করে হল থেকে বের করে দেয়। তারা উভয়ে জিয়া হলের ৩২২ নং রুমে থাকতো। ছাত্র লীগের এক সূত্র জানিয়েছে, হাবিব কেন্টিন ও দোকানে ফাও খেতো। গতকাল সে হলের মুদি দোকানদার জহিরকে সিগারেট দিতে বললে জহির সিগারেট দিতে অস্বীকৃতি জানায়। এক পর্যায়ে সে জহিরকে প্রহার করলে জহির ছাত্র লীগ সভাপতি মনির হোসেনকে জানালে মনির হোসেনসহ ৭/৮ জন ছাত্র লীগ কর্মী তাকে মারধর করে হল থেকে বের করে দেয়। বহিরাগত ক্যাডার ইলিয়াস ছাত্র লীগের জনৈক কর্মীর সাথে খারাপ ব্যবহার করলে তাকেও মেরে হল থেকে বের করে দেয়া হয়।